



হাদির মৃত্যু ও সহিংসতায় রাষ্ট্র ব্যর্থতার প্রমাণ মিলছে: সালাহউদ্দিন আহমদ



সংগৃহীত ছবি

ওসমান হাদির মৃত্যু কেন্দ্র করে সৃষ্ট সাম্প্রতিক বিশৃঙ্খলায় সরকারের ভূমিকা গভীরভাবে প্রশ্নবিদ্ধ বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, জনগণ যেখানে গণতান্ত্রিক শাসনব্যবস্থার প্রত্যাশা করছে, সেখানে সরকার কার্যত মবোক্রোসিকে প্রশ্রয় দিচ্ছে। এই পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে হলে মব সন্ত্রাসের বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে হবে।

রোববার (২১ ডিসেম্বর) দুপুরে রাজধানীর একটি হোটেলে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তন উপলক্ষে আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

সালাহউদ্দিন আহমদ বলেন, প্রথম আলো ও ডেইলি স্টার কার্যালয়ে সংঘটিত অগ্নিকাণ্ডের ঘটনা জাতির জন্য চরম লজ্জার। শুধু আনুষ্ঠানিক দুঃখ প্রকাশ করলেই সরকারের দায় শেষ হয়ে যায় না। তিনি বলেন, রাজনীতিবিদরা রাষ্ট্র পরিচালনার দায়িত্বে থাকলেও সাংবাদিকরা সমাজ ও রাষ্ট্রকে সঠিক পথে এগিয়ে নেওয়ার দিকনির্দেশক। সেই দিকনির্দেশকের ওপর হামলা গণতন্ত্রের জন্য অশনিসংকেত।

এ সময় তিনি আইনশৃঙ্খলা বাহিনীর ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন এবং বলেন, সংকটের মুহূর্তে বাহিনীর দেরিতে উপস্থিতি পরিস্থিতিকে আরও জটিল করেছে, যার দায় সরকার এড়াতে পারে না।

মতবিনিময় সভায় সালাহউদ্দিন আহমদ আরও বলেন, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দেশে ফেরার লক্ষ্য কোনো ব্যক্তিকেন্দ্রিক রাজনীতি নয়; বরং গণতন্ত্র, আইনের শাসন ও জনগণের অধিকার পুনঃপ্রতিষ্ঠার সংগ্রামকে আরও শক্তিশালী করাই এর মূল উদ্দেশ্য।